গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি, ২০২২ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বেগম মন্নুজান সুফিয়ান<br>প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ৩০ মার্চ, ২০২২ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়) |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। তিনি চলমান ২০২১-২২ এডিপিভুক্ত প্রকল্পসমূহের কার্যক্রম ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে প্রকল্পসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ০৯টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৭টি বিনিয়োগ ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প)। প্রকল্প সমূহের অনুকূলে মোট ১৮০৭৩.০০ লক্ষ (জিওবি ১২৩৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫৭২৩.৯৯ লক্ষ) টাকা এডিপি বরাদ্দ রয়েছে। এডিপি বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৫২৬২.০৩ লক্ষ (জিওবি ২৫৫৯.০৯ লক্ষ ও প্রকল্প সাহায্য ২৭০২.৯৪ লক্ষ) টাকা, যা বরাদ্দের ২৯.১২% (জিওবি ২০.৭৩% ও প্রকল্প সাহায্য ৪৭.২৩%)। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

**০২. গত সভার এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী অনুমোদনঃ**

সভায় গত ২৭/০২/২০২২ তারিখে মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জানুয়ারি, ২০২২ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। এতে প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতির অংশের ২০ নং স্লাইডে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ জেলা কার্যালয় স্থাপন প্রকল্পের খ নং সিদ্ধান্তটি পরিবর্তনের জন্য প্রকল্প পরিচালক অনুরোধ করেন এবং অন্য কোন মন্তব্য বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি অনুমোদন করা হয়।

**০৩. প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি:**

সভায় চলমান প্রকল্পসমূহের ভৌত ও আর্থিক অগ্রগতি উপস্থাপন করা হয়।

**৩.১ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প:**

উপসচিব (পরিকল্পনা) সভায় জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৪৭.০০ লক্ষ টাকা যা বরাদ্দের ১.৫৮%। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৭২.৮৭ লক্ষ টাকা (আর্থিক: ০.৭১%, ভৌত: ৮%)। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদের জরিপ সম্পন্ন হয়েছে এবং জরিপ রির্পোট ইতোমধ্যে প্রদান করেছে। উক্ত জরিপসমূহের ত্রুটি/বিচ্যুতি পরিহারের লক্ষ্যে মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনাসমূহ লিখিতভাবে সংশ্লিষ্ট এনজিও সমূহে পাঠানো হয়েছে। পরিদর্শন রিপোর্টের সুপারিশসমূহ বিশেষত শিক্ষার্থীদের ছবি টানানো, তাদের মাতা/পিতার মোবাইল নম্বর (বিকাশসহ) সঠিক থাকার উপর জোর দেয়া হয়। প্রোগ্রাম

সুপারভাইজারগন এলাকাভিত্তিক নিয়মিত পরিদর্শন করত রির্পোট প্রদান করবেন। শিক্ষার্থীগণের উপআনুষ্ঠানিক শিক্ষাসহ দক্ষতা উন্নয়ন যাতে যথাযথভাবে সম্পন্ন করা যায় সে বিষয়েও নির্দেশনা দেওয়া হয়। ঢাকায় অবস্থিত কেন্দ্রসমূহ সাপ্তাহে ০২ দিন সরেজমিনে পরিদর্শনের বিষয়ে সভায় আলোকপাত করা হয়। আগামী ০৭ এপ্রিল ২০২২ এর মধ্যে এনজিওসমূহকে নির্ধারিত ব্যবস্থাপনা বাবদ অর্থ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। প্রকল্প পরিচালক জনবল নিয়োগের বিষয়ে আরো জানান যে, প্রকল্প কর্তৃক জনবল নিয়োগ প্রদান করা হয়েছে। প্রকল্পটির ৪র্থ পিআইসি সভা গত ১৮/০১/২০২২ তারিখ এবং ৩য় পিএসসি সভা ২৬/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়নেন কোন ধরনের জটিলতা না থাকায় প্রকল্প পরিচালককে সুষ্ঠুভাবে প্রকল্পের কার্যক্রম সম্পন্নের নির্দেশনা দেয়া হয়।

**৩.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদের জরিপ এবং উপানুষ্ঠানিক শিক্ষার কার্যক্রম মনিটরিং অব্যহত রাখতে হবে;

খ. এনজিওদের ব্যবস্থাপনা ব্যয়সহ শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান যথাযথবাবে সম্পন্ন করতে হবে এবং

গ. পিআইসি ও পিএসসি সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রকল্প পরিচালক।**

**৩.২ প্রোমোটিং সোসিয়াল ডায়ালগ এন্ড হারমোনিয়াস ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস ইন বাংলাদেশ রেডি-মেইড গার্মেন্টস ইন্ডাস্ট্রি প্রকল্প:**

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৬ হতে জুন ২০২২ মেয়াদে আইএলও কর্তৃক মন্ত্রণালয়ের আইএলও অনুবিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৬০২.০৭ লক্ষ টাকা (পিএ) এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ৮৬৯.৯৬ লক্ষ টাকা অবমুক্তি ও ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৪৫.৮০%। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫৬৭৫.৯৬ লক্ষ টাকা। সভায় আইএলও প্রতিনিধি জানান যে, ইউরোপীয় ইউনিয়ন ও আইএলও এর সহযোগীতায় প্রকল্পটি সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। প্রকল্পটির অগ্রগতির বিষয়ে সভাপতি সন্তোষ প্রকাশ করার পাশাপাশি যথাসময়ে প্রকল্প সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য যে, উপসচিব (পরিকল্পনা) প্রকল্পটি যথাসময়ে সমাপ্তপূর্বক ডাইফ ও শ্রম অধিদপ্তরের মাধ্যমে নতুন প্রকল্প গ্রহণ করে তা পরিচালনের বিষষে মতামত ব্যক্ত করেন। প্রকল্পটির ৫ম পিএসি সভা গত ০৮/০২/২০২২ তারিখ এবং ৫ম পিসিসি গত ১৪/১১/২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য যে, প্রকল্পটি জুন ২০২২ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

**৩.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত করতে হবে;

খ. নতুন প্রকল্প গ্রহণ করার উদ্যোগ গ্রহণপূর্বক তা ডাইফ এবং ডল এর মাধ্যমে পরিচালন করতে হবে এবং

গ. PAC এবং PCC কমিটি সমূহের সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং

**বাস্তবায়ন: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও।**

**৩.৩ তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প:**

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২০৩৫৮.৩৭ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩৮২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ১৮৩২.৯৮ লক্ষ টাকা অর্থছাড়/অবমুক্ত এবং ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৪৭.৯৬%। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৫৫৩৯.৭০ লক্ষ টাকা। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৭২.২৫%। প্রকল্পের ডিপিপি/টিএপিপি-তে নির্ধারিত কমিটিসমূহের সভা যথাসময়ে আহ্বান করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, মহাপরিদর্শক (ডাইফ) জানান যে, প্রকল্পটির নির্ধারিত সময়ের পূর্বে সমাপ্ত করার বিষয়ে প্রকল্প পরিচালক অভিমত প্রকাশ করেছেন। প্রকল্পটির ৪র্থ পিএসি সভা গত ১৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি ডাইফের সংশ্লিষ্টতায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির বিভিন্ন কম্পোনেন্ট বাস্তবায়নের জন্য ডাইফ প্রকল্প দপ্তরের সাথে সমন্বয় করবে।

**৩.৩.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের PAC সভা নিয়মিত আয়োজন করতে হবে;

খ. কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প কাজ নির্ধারিত সময়ে অর্থাৎ জুন, ২০২৩ এ সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং

গ. প্রকল্পটির কম্পোনেন্ট সমূহ বাস্তবায়নের বিষয়ে ডাইফ প্রকল্প দপ্তরের সাথে সমন্বয় করবে।

**বাস্তবায়নে: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও**

**৩.৪ রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধনী):**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। । প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যান সংস্থা (এসকেএস) কর্তৃক বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ৬০০.০০ লক্ষ টাকা অর্থ অবমুক্ত এবং ০.১৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ০.০১%। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫০০২.০৬ লক্ষ টাকা (আর্থিক: ৮১.০৮% ও ভৌত: ৯৫%)। সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের প্রায় ৫০% কাজ অবশিষ্ট রয়েছে এবং যথাসময়ে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বিল প্রদান না করায় প্রকল্পের অগ্রগতির নানাবিধ প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। প্রকল্পের অগ্রগতির বিষয়ে সেনা কল্যাণ সংস্থা প্রতিনিধি জানান যে, প্রকল্প অফিসের কম্পিউটার নেটওয়ার্কি, পানি নিষ্কাষণ ব্যবস্থা এবং অন্যান্য কাজ চলমান রয়েছে। আগামী ১৫ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে এমবি বহি সহ প্রকল্পের সকল বিল সাবমিট করার জন্য সেনা কল্যাণ সংস্থা (এসকেএস)-কে সময় বেধে দেয়া হয়। উক্ত সভায় সভাপতি মহোদয় এসকেএস এর প্রতি হতাশা ব্যক্ত করার পাশাপাশি আগামী ১৫ এপ্রিল ২০২২ এর মধ্যে অবশিষ্ট কার্যক্রম সমাপ্ত করা না হলে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সংশ্লিষ্ট সকল-কে নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, যে, উপসচিব (পরিকল্পনা) ২০২১-২২ অর্থবছরের এপিএ লক্ষমাত্রার ২.৪ অনুযায়ী প্রকল্পের ক্রয়কৃত যানবাহন, আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী যথাসময়ে নিষ্পত্তি এবং প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) প্রদানের বিষয়ে আলোকপাত করেন।

**৩.৪.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. সেনা কল্যাণ সংস্থা কর্তৃক আগামী ১৫ এপ্রিলে মধ্যে এমবি সহ সকল বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ. নির্ধারিত সময়ের মধ্যে এমবি সহ বিল সাবমিট করা না হলে সংশ্লিষ্ট সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হবে

গ. দ্রুত সময়ের মধ্যে এপিএ লক্ষমাত্রার ২.৪ অনুযায়ী প্রকল্পের ক্রয়কৃত যানবাহন, আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী যথাসময়ে নিষ্পত্তি এবং প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) প্রদান করতে হবে।

**বাস্তবায়ন: অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা, প্রকল্প পরিচালক, সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.৫ নারায়নগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে মহিলা হোস্টেল এবং শ্রম কল্যান কেন্দ্র নির্মান প্রকল্প (১ম সংশোধিত):**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ডিপিএম সেল, সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৪০০.৪৪ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৪১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ২০৭.৫০ লক্ষ টাকা অর্থ ছাড় এবং ০.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যা বরাদ্দের ০.১০%। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯৩৩৯.০২ লক্ষ টাকা (আর্থিক: ৮১.৯১%, ভৌত: ৮৭%)। প্রকল্প পরিচালক জানান যে, ২০২১-২২ অর্থবছরে সেনাকল্যাণ সংস্থা (এসকেএস) কর্তৃক অদ্যবদি কোন বিল প্রদান করা হয়নি। সেনা কল্যাণ সংস্থা কর্তৃক যথাসময়ে বিল প্রদান না করায় বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না এবং আর্থিক অগ্রগতি বাধাঁগ্রস্থ হচ্ছে। এ বিষয়ে সভাপতি হতাশা ব্যক্ত করার পাশাপাশি সেনা কল্যাণ সংস্থা (এসকেএস)-কে এমবি সহ সকল বিল প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন এবং কর্মপরিকল্পনা অনুযায়ী সুষ্ঠভাবে প্রকল্প সমাপ্তির জন্য সভায় দিকনির্দেশনা প্রদান করা হয়।

**৩.৫.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের বিলসমূহ (এমবি সহ) সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) কর্তৃক দ্রুত প্রেরণ করতে হবে এবং

খ. ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)।**

**৩.৬ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত কোন অর্থ ছাড় এবং অর্থ ব্যয় হয়নি। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮৪.৫১ লক্ষ টাকা (আর্থিক: ৩৫% এবং ভৌত: ৫৮%)। প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপি (২০২১-২২)-তে ৫৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব রয়েছে। প্রকল্পের বিষয়ে মহাপরিদর্শক (ডাইফ) জানান যে, প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্তির জন্য আরো ১০ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন। তিনি আরো জানান যে, কিছু দিনের মধ্যে উক্ত অর্থ বরাদ্দ প্রদান করা সম্ভব হলে Work Order প্রদান করা সম্ভব হবে। উক্ত সভায় প্রকল্পের অনকূলে ০২ টি মাইক্রোবাস ক্রয়ের বিষয়ে আলোকপাত করা হয়। মাইক্রোবাস ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করে। উল্লেখ্য, প্রকল্পটি জুন, ২০২২ এর মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

**৩.৬.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. সেনা কল্যাণ সংস্থা কর্তৃক সম্পাদিত কার্যক্রমের এমবি সহ বিল দ্রুত সাবমিট করতে হবে।

খ. প্রকল্পের অনুকূলে ০২ টি মাইক্রোবাস ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

গ. প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময় অর্থাৎ জুন ২০২২ এর মধ্যে কাজ সমাপ্ত করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.৭ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২২৯৪৩.৮৬ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ২৬৮৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তার বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ১৩০৩.৭৪ লক্ষ টাকা অবমুক্ত এবং ৮১৯.৫৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যা বরাদ্দের ৩০.৫৩%। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৩৯৫.৪৭ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ১৯.৮১%। প্রকল্প পরিচালক সভায় জানান যে, জমি অধিগ্রহণসহ প্রকল্পের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য প্রকল্পের আওতায় শ্রম অধিদপ্তররের ভূমি ব্যবহার সংক্রান্ত স্থান নির্বাচনের লক্ষ্যে গঠিত কমিটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন জমা দিয়েছে। সভাপতি এ প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.৭.১ সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে প্রকল্পের কার্যক্রম পরিচালন করতে হবে এবং

খ. প্রকল্পের আওতায় শ্রম অধিদপ্তরের জমি ব্যবহারের জন্য গঠিত কমিটির প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট কমিটি ।**

**৩.৮ নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৬৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ১২২৮.০০ লক্ষ টাকা অর্থছাড় ও ১১৭২.৬৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৭১.৬০%। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৪৩৯.৫২ লক্ষ টাকা। ভৌত অগ্রগতি ৯৩.০৬%। গত

সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অভহিত করেন যে, প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত হবে। অডিট সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রকল্প সমাপ্তিপূর্বক যথাসময়ে প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৩.৮.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের বাস্তবায়ন কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে;

খ. প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং

গ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রদান করতে হবে।

**বাস্তবায়ন: ডাইফ/অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা ও প্রকল্প পরিচালক।**

০৪। **২০২১-২২ অর্থ বছরে আরএডিপি বরাদ্দসমূহ:** সভায় উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ২০২১-২২ অর্থ বছরে আরএডিপি বরাদ্দ প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

| ক্রম | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ ২০২১-২২ অর্থবছর | আরএডিপি বরাদ্দ ২০২১-২২ অর্থবছর |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্প (৪র্থ পর্যায়)। | ৩০০০.০০ | ৪০০০.০০ |
| ২ | প্রোমোটিং সোসিয়াল ডায়ালগ এন্ড হারমোনিয়াস ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস ইন বাংলাদেশ রেডি-মেইড গার্মেন্টস ইন্ডাস্ট্রি। (প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত হবে) | ১৯০০.০০ | ১৪৩৫.০০ |
| ৩. | তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন (২য় পর্যায়)। | ৩৮২৩.০০ | ৩৮২৩.০০ |
| ৪. | রাঙ্গামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধনী)। | ১২০০.০০ | ১১৬৭.০০ |
| ৫. | নারায়নগঞ্জ বন্দরে ও চট্টগ্রাম কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার চিকিৎসা কেন্দ্র সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মান শীর্ষক প্রকল্প (১ম সংশোধনী)। (প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত হবে) | ৪১৫.০০ | ২০৫৬.০০ |
| ৬ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মান প্রকল্প। (প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত হবে) | ৩০০০.০০ | ৫৩৬৮.০০ |
| ৭ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প। | ২৬৮৫.০০ | ২৬৮৫.০০ |
| ৮ | রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ (কারেক্টিভ একশন প্লান) বাস্তবায়ন প্রকল্প। (প্রকল্পটি ডিসেম্বর, ২০২১ এ সমাপ্ত হয়েছে) | ৪১২.০০ | ১৫৪.০০ |
| ৯ | নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার ঝুঁকি নিরুপণ প্রকল্প। (প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত হবে) | ১৬৩৮.০০ | ১৪২০.০০ |
| | অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ | ৫০০.০০ | - |
| | মোট: | **১৮৫৭৩.০০** | **২২১০৮.০০** |

**এডিপিভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প:**

সভায় জানানো হয় ২০২২-২৩ অর্থ বছরে এডিপি-তে সুপারিশকৃত প্রকল্প সংখ্যা মোট ০৯ টি। উক্ত প্রস্তাবের এর মধ্যে ০৪ টি শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত এবং ০৫ টি ডাইফ কর্তৃক প্রস্তাবিত। প্রকল্পগুলো নিম্নরূপ:

| ক্রম | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| **শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত বিনিয়োগ প্রকল্প ০৪ টি :** | | | |
| ১। | বঙ্গবন্ধু জাতীয় শ্রম ইনস্টিটিউট নির্মাণ (জুলাই/২০২২ হতে জুন/ ২০২৫) | ৩০০০০.০০ | |
| ২। | আধুনিক সুবিধায় খুলনা ও বরিশালে ০২ (দুই) টি বহুতল শ্রম ভবন নির্মাণ (জুলাই/২০২২ হতে জুন/ ২০২৫) | ১৫০০০.০০ | |
| ৩। | টঙ্গী শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মান ও আধুনিকায়ন (জুলাই/২০২২ হতে জুন/ ২০২৫) | ৭৩১৪.০০ | |
| ৪। | শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুবসমাজকে দক্ষ শিল্প শ্রমিকে রুপান্তর (জুলাই ২০২২ হতে জুন ২০২৫) | ৪৯৬৮.০০ | |

| **ডাইফ কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত বিনিয়োগ প্রকল্প ০৫ টি:** | | | |
|---|---|---|---|
| ১। | দূর্ঘটনা হ্রাসকরণে নির্বাচিত কারখানার ঝুঁকি নিরুপন ও সংস্কার বাস্তবায়ন (ফেব্রুয়ারি/২০২২ হতে জানুয়ারি/২০২৪) | ৪৯০০.০০ | |
| ২। | বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) প্রকল্প (ফেব্রুয়ারি/২০২২ হতে জানুয়ারি/২০২৫) | ৪৯০০.০০ | |
| ৩। | কর্মক্ষেত্রে জেন্ডার সমতা ও নারীরর ক্ষমতায়ন শীর্ষক প্রকল্প (২য় পর্যায়) (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | ১০০০.০০ | |
| ৪। | পেশাগত ব্যাধি সনাক্তকরণ, প্রতিরোধ, চিকিৎসা ও ক্ষতিপূরণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | ৩০০০.০০ | |
| ৫। | শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৩) | ৫০০.০০ | |

**সিদ্ধান্ত:** প্রকল্পসমূহের ডিপিপি প্রস্তুতি পূর্বক দুত প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে: অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা।**

**০৫। সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর প্রদান বিষয়ক:**

| ক্রম | প্রকল্পের শিরোনাম | পিসিআর আপডেট |
|---|---|---|
| ১. | EIIS Project | আইও উইং / আইএলও |
| ২. | ৬টি জেলা কার্যালয় পুনর্নির্মাণ প্রকল্প | শ্রম অধিদপ্তর |
| ৩. | শ্রম ভবন নির্মান প্রকল্প | শ্রম অধিদপ্তর |
| ৪. | ঘাগড়া হোস্টেল নির্মান প্রকল্প | শ্রম অধিদপ্তর |
| ৫. | EIPS GIZ | ডাইফ, জিআইজেড |

আইএলও কর্তৃক বাস্তবায়িত EIIS প্রকল্প, ডাইফ কর্তৃক বাস্তবায়িত EIPS প্রকল্পের পিসিআর, শ্রম অধিদপ্তর আওতাধীন ০৬টি জেলা কার্যালয় পুননির্মাণ প্রকল্প, শ্রম ভবন নির্মান প্রকল্প, ঘাগড়া হোস্টেল নির্মাণ প্রকল্পসমূহের পিসিআর প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি উক্ত প্রকল্পসমূহের পিসিআর দুত প্রেরণের জন্য সভা-কে নির্দেশনা প্রদান করেন।

**৫.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. আইএলও/জিআইজেড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সংশোধিত পিসিআর দুত প্রেরণ করতে হবে।

খ. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সংশোধিত পিসিআর দুত প্রেরণ করতে হবে এবং

গ. শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের পিসিআর দুত প্রেরণ করতে হবে ।

**০৬।** সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

বেগম মন্নুজান সুফিয়ান
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১.১৯

তারিখ: ৪ বৈশাখ ১৪২৯
১৭ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

৪) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন।

৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।

৬) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।

৭) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

১০) অতিরিক্ত সচিব (আইও), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

১২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

১৩) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।

১৪) প্রকল্প পরিচালক, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৫) প্রকল্প পরিচালক, রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।

১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৭) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

১৮) উপ- প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১৯) জনাব, মোঃ মাসুম আখতার জামান, সেনা কল্যাণ সংস্থা (এসকেএস), মহাখালী, ঢাকা।

২০) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

২১) যুগ্ম মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

২২) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি সংক্রান্ত প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

২৩) Mr. Masumul Alam, Program Officer (OSH), ILO Head office , Dhaka.

২৪) Mr. Mansur Asad, PO , ILO Head office, Dhaka.

২৫) জনাব আফরোজা বেগম, সিএএফও , সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব